



তারিখ: ১৩ আগস্ট, ২০২৪

স্মারক নং: ববি/রেজি/অবি/২০২৪/০৮৯

## অফিস বিজ্ঞপ্তি

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের ১৫ তম ব্যাচের গ্র্যাজুয়েট সাকিব আনজুম শহীদ হওয়ায় বরেন্দ্র বিশ্ববিদ্যালয় পরিবার গভীরভাবে শোকাহত। শহীদ সাকিব আনজুম এর রুহের মাগফেরাত কামনা করে আগামী ২০ আগস্ট, ২০২৪ তারিখ (মঙ্গলবার) সকাল ১০:০০ ঘটিকায় বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে একটি শোকসভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে। উক্ত শোকসভা ও দোয়া মাহফিলে শরিক হওয়ার জন্য বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে বিশেষভাবে আহ্বান জানাচ্ছি।

বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা নিরলসভাবে দেশ গঠনের লক্ষ্যে যেসব সেবামূলক কাজ করে যাচ্ছে তার জন্য বিশ্ববিদ্যালয় পরিবার গর্বিত। শিক্ষার্থীরা যে সাম্যের উদ্দীপনা নিয়ে দেশ গঠনের কাজে নেমেছে ভবিষ্যতেও তাদের সকল কার্যক্রমে তা প্রতিফলিত হবে বলে আমরা আশাবাদী।

বিভিন্ন মাধ্যমে শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দের মতামতের প্রেক্ষিতে এবং শিক্ষার্থীদের পাঠদান ও উজ্জ্বল ভবিষ্যতের কথা মাথায় রেখে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামী ২০ আগস্ট, ২০২৪ তারিখ দুপুর ১২:০০ টা থেকে স্ব স্ব বিভাগের রুটিন অনুযায়ী পাঠদান শুরু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

আগামী ২১ আগস্ট, ২০২৪ তারিখ (বুধবার) স্ব স্ব বিভাগের তত্ত্বাবধানে সামার-২০২৪ সেশনে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্যাম্পাস ওরিয়েন্টেশন সম্পন্ন হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

সুরঞ্জিত মন্ডল

রেজিস্ট্রার

সদয় অবগতির জন্য:

১. মাননীয় উপাচার্য (ভারপ্রাপ্ত), বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
২. মাননীয় নির্বাহী পরিচালক, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

৩. সকল বিভাগ: বিভাগীয় প্রধান, কো-অর্ডিনেটর, শিক্ষক, প্রোগ্রাম অফিস, নোটিশ বোর্ড, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
৪. সকল অফিস, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
৫. অফিস কপি

**VARENDRA UNIVERSITY**

■ 529/1, Kazla, Motihar, Rajshahi-6204  
 ■ Bypass Road, Chandrima, Paba, Rajshahi  
 Cell: 01730 406501-4, IP Phone: +8809677601070  
 e-mail: info@vu.edu.bd web: www.vu.edu.bd